প্রথম আলো

তারিখ ... JUL 1 1 2006

পৃষ্ঠা ১৭ কলাম ৫

সংসদে চারটি বিল পাস

# চট্টগ্রাম সরকারি ভেটেরিনারি কলেজ বিশ্ববিদ্যালয় হচ্ছে

নিজস্ব প্রতিবেদক

চট্টগ্রাম সরকারি ভেটেরিনারি কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা হয়েছে। বিশ্ববিদ্যালয়টির নামকরণ করা হয়েছে 'চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়'।

গতকাল সোমবার জাতীয় সংসদে এ সম্পর্কিত একটি আইনসহ চারটি আইন পাস হয়েছে। শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক আইনটি পাসের জন্য চট্টগ্রাম ভেটেরিনারি বিশ্ববিদ্যালয় বিল, ২০০৬ সংসদে উত্থাপন করেন। বিলটি জনমত যাচাই ও বাছাই কমিটিতে পাঠানোর জন্য বিরোধীদলীয় সদস্যদের প্রস্তাব কণ্ঠভোটে নাকচ হয়ে যায়।

এ ছাড়া গতকাল জাতীয় সংসদে বিভিন্ন পরীক্ষার সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা ব্যক্তিকে অ্যাক্রেডিটেশন বিল, ২০০৬ পাস হয়েছে। বিলটি পাসের জন্য সংসদে উত্থাপন করেন শিল্পমন্ত্রী মতিউর রহমান নিজামী। সংসদে 'দি রেজিস্ট্রেশন (সংশোধন) বিল, ২০০৬' নামে অপর একটি বিল পাস হয়েছে। এ বিলটি পাসের জন্য সংসদে উত্থাপন করেন আইন, বিচার ও সংসদবিষয়কমন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমদ। উভয় বিলের ওপর জনমত যাচাই ও বাছাই কমিটিতে পাঠানোর জন্য বিরোধী দলের প্রস্তাব কণ্ঠভোটে নাকচ হয়। এ ছাড়া সংসদে গতকাল পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্পপ্রতিষ্ঠান শ্রমিক (চাকরির শর্তাবলি) বিল, ২০০৬ পাস হয়।

**স্থায়ী কমিটির দুটি প্রতিবেদন উপস্থাপন**

গতকাল জাতীয় সংসদে সংসদীয় স্থায়ী